

এসএসসি : তৃতীয় দিনে বহিষ্কার সহস্রাধিক

যুগান্তর ডেস্ক

রোববার ছিল এসএসসি পরীক্ষার তৃতীয় দিন। এদিন বাংলা প্রথম পত্র পরীক্ষায় সুর্যমণ্ডে বহিষ্কার হয়েছে সহস্রাধিক। তবে অধিকাংশ এলাকাতেই শান্তিপূর্ণ ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। বিস্তারিত ববর পাঠিয়েছেন যুগান্তর প্রতিনিধিরা।

চাঁপাইনবাবগঞ্জ : রোববার কড়া নিরাপত্তা ও শান্তিপূর্ণ পরিবেশে চাঁপাইনবাবগঞ্জ জেলায় এসএসসি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষায় বাংলা প্রথমপত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়। নকল করার দায়ে চাঁপাইনবাবগঞ্জ জেলায় ১০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

কুমিল্লা : কুমিল্লা শিক্ষাবোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি বাংলা প্রথমপত্র পরীক্ষা শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। বোর্ডের ছায়াটি জেলায় অনুষ্ঠিত এই পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে মোট ৫২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। কোণা ও কোন কেন্দ্রে বহিরাগতদের তৎপরতা নেই।

বোর্ডের অধীনস্থ ছায়াটি জেলায় বহিষ্কারের সংখ্যা হল- কুমিল্লায় ১৯ জন, চাঁদপুরে দু'জন, ব্রাহ্মণবাড়িয়ায় তিনজন, ফেনীতে একজন, নোয়াখালীতে ২৪ জন ও লক্ষ্মীপুরে তিনজন।

জয়পুরহাট : জেলার পাঁচটি উপজেলার বিভিন্ন কেন্দ্রে থেকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে মোট ৪১ জন পরীক্ষার্থী এবং পাঁচজন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে এসএসসির পাঁচজন এবং দাখিলের ৩৬ জন পরীক্ষার্থী রয়েছে।

নীলফামারী : নীলফামারীতে মোট ৩৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। এদের মধ্যে এসএসসিতে নয়জন ও দাখিলে ২৭ জন পরীক্ষার্থী। এছাড়া হোসেন আলী নামক এক পরীক্ষার্থীকে নীলফামারী কেন্দ্রের সমীর উদ্দিন উচ্চ বিদ্যালয় থেকে প্রেফতার করা হয়।

কেন্দ্রিয়া (নেত্রকোণা) : কেন্দ্রিয়া ছায়াহরি স্পাই সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে দু'জন ও কেন্দ্রিয়া দাখিল মাদ্রাসা কেন্দ্রে তিনজনসহ পাঁচজনকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে।

লক্ষ্মীপুর : লক্ষ্মীপুরের ১৯টি কেন্দ্রে নকল করার দায়ে নয়জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

ঝালকাঠি : পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে জেলায় এসএসসির চারজন ও দাখিলেও সাতজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ঝালকাঠি সরকারি হরচন্দ্র বালিকা বিদ্যালয় ও নলছিটি কেন্দ্রে দু'জন করে এসএসসি পরীক্ষার্থী এবং রাজাপুরে তিনজন, কাঁঠালিয়ায় তিনজন ও ঝালকাঠির নেছারাবাদ আলিয়া মাদ্রাসা কেন্দ্রে একজন দাখিল পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

দিনাজপুর : জেলার ২৩টি কেন্দ্রে এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে বাংলা প্রথমপত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৬৯ জনকে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষায় নকল সরবরাহের দায়ে বীরগঞ্জ কেন্দ্রে পুলিশ দু'জন বহিরাগতকে প্রেফতার করেছে।

কুড়িগ্রাম : জেলার ১২টি পরীক্ষা কেন্দ্রের মধ্যে চারটি পরীক্ষা কেন্দ্রে নকল করার দায়ে ১১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। এর মধ্যে উলিপুর সরকারি বালিকা বিদ্যালয়ে ৮ জন, চিলমারী থানাঘাট এইট পাইলট বিদ্যালয়ে ৪ জন, নাগেশ্বরী বালিকা বিদ্যালয়ে ৪ জন

এবং ডিত্তরবন্দর গিডি একাডেমি কেন্দ্রে ১৩ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। এছাড়া দাখিল পরীক্ষায় ৩টি কেন্দ্রে ৪৩ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

লক্ষ্মীপুর : দীর্ঘদিনের নকলে অভয় পরিবেশ, গণটোকাটুকি, বই দেখে দেখে লেখা ইত্যাদি সব নকলের ছেদ পড়েছে লক্ষ্মীপুরের এসএসসি কেন্দ্রে। চলতি এসএসসি ও দাখিল পরীক্ষা চলাকালীন সব কেন্দ্রে শান্তিপূর্ণ এবং নকলবিহীন পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

মঠবাড়িয়া : মঠবাড়িয়া মিঠাবালী সিনিয়র মাদ্রাসায় মাদ্রাসা দাখিল পরীক্ষা নকল ধরতে বাধ্য হওয়ায় দায়িত্ব পালনকারী ম্যাজিস্ট্রেট দুই পরিদর্শককে বহিষ্কার করেন।

সিরাজগঞ্জ : রোববার সিরাজগঞ্জে এসএসসি পরীক্ষায় ৩১ জন, দাখিল পরীক্ষায় ২৬ জন ও কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষায় ১৪ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। নকলে সহযোগিতার দায়ে সলংগা সিনিয়র মাদ্রাসা কেন্দ্রে থেকে ২ শিক্ষককে বহিষ্কার করা হয়।

মাহল্লাদপুর : এসএসসিতে অসদুপায় অবলম্বনের দায়ে ৩ জনকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া দাখিল পরীক্ষায় ৭ জন ও এসএসসি ভোকেশনাল পরীক্ষায় ১১ জনকে বহিষ্কার করা হয়েছে।

গাইবান্ধা : অসদুপায় অবলম্বনের দায়ে মোট ৬৫ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এর মধ্যে জেলার ১৪টি এসএসসি পরীক্ষা কেন্দ্রে ২৯ জন, ২টি এসএসসি ভোকেশনাল কেন্দ্রে ১ জন এবং ৬টি দাখিল পরীক্ষা কেন্দ্রে ৩৪ জনকে বহিষ্কার করা হয়।

চাঁটখিল : গভকাল ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। তবে নকলের অভিযোগে আলিয়া মাদ্রাসা কেন্দ্রে থেকে একজন ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

কাপাসিয়া : সিংহহাটী উচ্চ বিদ্যালয়ে ৩ জন, খাওটিয়া চালা উচ্চ বিদ্যালয়ে ১ এবং রাজকোনা ফাজিল মাদ্রাসায় ৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া সিংহহাটী উচ্চ বিদ্যালয়ে ২ জন ভূগা পরীক্ষার্থী ধরা পড়েছে। এদের মধ্যে বকু রহিমউদ্দিনের পরিবারে আমির হোসেনকে ধরে ম্যাজিস্ট্রেট পুলিশে সোপর্ন করেন এবং অন্য পরীক্ষার্থী পালিয়ে গেছে।

এদিকে শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এছানুজ্জামল হক মিলন কাপাসিয়া পাইলট উচ্চ বিদ্যালয়, হরিমঙ্গুরী বালিকা বিদ্যালয় এবং খাওটিয়া চালা উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা কেন্দ্রে পরিদর্শন করেছেন।

মিশাল (ময়মনসিংহ) : অসদুপায় অবলম্বনের দায়ে ৩ জনকে বহিষ্কার করা হয়েছে। দাখিল ফিকাহ পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৯ জনকে বহিষ্কার করা হয়েছে।

রায়পুর (লক্ষ্মীপুর) : আলিয়া মাদ্রাসা কেন্দ্রে থেকে অসদুপায় অবলম্বনের কারণে এক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

পাবনা : জেলায় ১০ জন ছাত্র বহিষ্কৃত হয়েছে। এর মধ্যে এসএসসিতে ৬ জন ও দাখিল পরীক্ষায় ৪ জন। এদিকে সাঁথিয়া উপজেলার আতাইকুলা পরীক্ষা কেন্দ্রে থেকে ইংরেজি প্রথম পত্রের ১৫টি বাতাল গায়েব হওয়ার পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কেন্দ্রে সচিবসহ নব শিক্ষককে আসামি করে সাঁথিয়া পানায় একটি মামলা হয়েছে।